

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৬৯৭.১৪- ৭৪২

তারিখঃ ০২/০৬/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

সূত্রঃ স্মারক নং ৪৭.৬২.০১৩৪.৯৬৬.০১.০৫৩.১৯.৬০ তারিখঃ ২৫/০৫/২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি বিগত ০৪/০৪/২১ খ্রিঃ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন মর্মে সংশ্লিষ্ট উপজেলা কর্মকর্তা নিশ্চিত করেছেন। এছাড়া সরকার কর্তৃক ঘোষিত বিগত ১৪ এপ্রিল ২০২১ হতে সার্বিক কার্যাবলী/চলাচল বিধি নিষেধ আরোপকালীন কর্মসূচি'র সকল কর্মকর্তা কর্মচারী-দের কর্মস্থলে অবস্থান করার নির্দেশনা জারি করা সত্ত্বেও আপনি কর্মস্থলে অবস্থান করেননি ; যা কর্তৃপক্ষকে অবমাননার শামিল। এছাড়া স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ব্যাখ্যা তলব করা হলেও আপনি তার জবাব প্রদান করেননি। তাছাড়া সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায়, জনাব আপনার ব্লকভুক্ত সমিতি সমূহে কিস্তি খেলাপীর পরিমাণ ১০.৩০ লক্ষ টাকা ও মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ ৪২.৯৮ লক্ষ টাকা। এতে প্রতীয়মান হয় আপনি আপনার দায়িত্ব কর্তব্য পালনেও উদাসীন। এমতাবস্থায়, সরকারী নির্দেশনা অমান্য করে লকডাউন চলাকালীন কর্মস্থলে অবস্থান না করাসহ দায়িত্ব কর্তব্য পালনে উদাসীন হওয়ায় কেন কর্মসূচি'তে স্থানান্তর আদেশের ২(ঘ) শর্তানুযায়ী আপনার সাথে সম্পাদিত চুক্তি বাতিলপূর্বক চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদান করা হবে না তার জবাব ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।

নাসিমা আখতার
০২-০৬-২১

উপ প্রকল্প পরিচালক,

ইরেসপো, বিআরডিবি, ঢাকা

জনাব মোঃ আব্দুল্লাহ আল মাসুম

মাঠ সংগঠক

ইরেসপো, বিআরডিবি,

ফকিরহাট, বাগেরহাট

স্থায়ী ঠিকানাঃ পিতাঃ মোঃ ওমর আলী, গ্রামঃ কাজলা, পোঃ ও থানাঃ নাচোল, জেলাঃ চাপাইনবাবগঞ্জ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বাগেরহাট।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ ফকিরহাট জেলাঃ বাগেরহাট।
৪. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।